melbu | More Entrepreneurial Life at Bangladeshi Universities

Co-funded by the Erasmus+ Programme of the European Union

MELBU
উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্স

- পুস্তিকা –

UNIVERSITÄT LEIPZIG

বিষয়বস্তুঃ

1. MELBU উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্স পরিচিতি
2. MELBU উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্সের ধারণা
3. MELBU উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্সের কাঠামো
4. MELBU উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্সের বিষয়বস্তু
5. সংযুক্তি

কোর্সের নাম	MELBU উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্স
ব্যাপ্তিকাল	৪০-ঘন্টা প্রশিক্ষণ
প্রস্তুতকারী	MELBU প্রকল্পের অংশীদারবৃন্দ খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি), বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গোপালগঞ্জ (বশেমুরবিপ্রবি), নর্থ ওয়েস্টার্ন বিশ্ববিদ্যালয় (এনডাব্লিউইউ), নর্দান ইউনিভার্সিটি অফ বিজনেস এন্ড টেকনোলজি খুলনা (এনইউবিটিকে), লিপযিগ বিশ্ববিদ্যালয় (এলইউ), জার্মানি এবং মেরিটাইম ইউনিভার্সিটি অফ স্টেটিন (এমইউ), পোল্যান্ড
প্রতিষ্ঠাতা	ইউরোপীয়ান ইউনিয়নের Erasmus + প্রোগ্রাম
যোগাযোগ	ফোন: +৪৯ (০)৩৪১-৯৭৩৯৭৬২ ফ্যাক্স: +৪৯-(০)৩৪১-৯৭৩৯২৭৯ ইমেইল: sept@uni-leipzig.de ওয়েবসাইট: www.sept.uni-leipzig.de

১. MELBU উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্সের পরিচিতি

ইউরোপীয়ান ইউনিয়নের Erasmus + প্রোগ্রামের সহ-অর্থায়নে, More Entrepreneurial Life at Bangladeshi Universities (MELBU) প্রকল্পটি একটি আন্তর্জাতিক সহযোগিতা প্রকল্প। এই প্রকল্পের অধীনে, বাংলাদেশের ০৬ টি, জার্মানির ০১ টি এবং পোল্যান্ডের ০১ টি সহ মোট ০৮ টি অংশীদারী উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এই প্রকল্পের অংশীদার প্রতিষ্ঠানসমূহ ৪০-ঘন্টার একটি উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্স প্রনয়ন করেছে।

MELBU প্রকল্পের অন্তর্ভুক্ত অংশীদার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে উদ্যোক্তা হওয়া সম্পর্কে সচেতনতা গড়ে তোলা এবং উদ্যোক্তামনস্ক হবার সংস্কৃতি গড়ে তোলা এই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।

শিক্ষার্থীদের সম্ভাব্য পেশা হিসেবে ব্যবসায়িক ও সামাজিক উদ্যোগ গ্রহণ করবার জন্যে সঠিক মানসিকতা ও দক্ষতা গড়ে তোলাও এই প্রকল্পের একটি লক্ষ্য। এবং সেইসাথে শিক্ষার্থীদের ব্যক্তিগত উন্নয়নের একটি অংশ হিসেবে উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন করা।

২. MELBU উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্সের ধারণা

২.১ লক্ষ্য এবং উদ্দেশ্য

MELBU উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্সের লক্ষ্য হল শিক্ষার্থীদের উদ্যোক্তা হবার দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা হবার জন্য অনুপ্রাণিত করা। উদ্যোক্তা হতে যে সকল সাধারণ দক্ষতার প্রয়োজন হয় সে সকল দক্ষতা অর্জনের জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করা। উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্স শেষ হওয়ার পর শিক্ষার্থীরা যেন নিজেদের ব্যবসা শুরু করতে পারে তার জন্য প্রস্তুত করা এই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। একইসাথে শিক্ষার্থীরা যেন ব্যবসার মাধ্যমে আর্থসামাজিক পরিবর্তনে ভূমিকা রাখতে পারে তার জন্য তাদের প্রস্তুত করাও এই প্রকল্পের উদ্দেশ্য।

MELBU প্রনীত ৪০-ঘন্টার উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্সে মূলত উদ্যোক্তা হবার সাধারন পদক্ষেপ এবং ব্যবসা পরিচালনা সম্পর্কিত সমস্যাগুলো নিয়ে আলোচনা করা হবে। এই কোর্সে ব্যবসায় উদ্যোগ, উদ্ভাবন ও নেতৃত্বদান সম্পর্কে আলোচনা করা হবে। এই বিষয়সমূহের আলোচনার মাধ্যমে শিক্ষার্থীরা তাদের ব্যবসায় উদ্যোগের ক্ষেত্রে সৃজনশীলতা ও উদ্ভাবন কৌশল সফলভাবে কাজে লাগাতে পারবে বলে আশা করা যায়।

এই কোর্সের মাধ্যমে অংশীদার বিশ্ববিদ্যালয়গুলির শিক্ষার্থীরা ব্যবসায় উদ্যোগ পরিকল্পনা ও পরিচালনার বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে জানতে পারবে। একইসাথে এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা বাস্তবিক উদ্যোক্তাদের মত করে ব্যবসায়িক পরিস্থিতি বিশ্লেষণ এবং বোঝার সক্ষমতা লাভ করবে। তারা ভবিষ্যতে নিজস্ব উদ্যোগ পরিকল্পনা ও পরিচালনার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করবে।

এই কোর্সটি সফলভাবে শেষ করলে শিক্ষার্থীরা নিম্নোক্ত কাজ করতে পারবে বলে আশা করা যায়ঃ

- নতুন ব্যবসা শুরু করার প্রেক্ষাপটে উদ্যোক্তা, উদ্ভাবন এবং নেতৃত্বের ধারণা সম্পর্কে অবহিত থাকবে।
- উদ্ভাবন, উদ্যোক্তা এবং নেতৃত্ব ব্যবস্থাপনাকে একটি প্রক্রিয়া হিসাবে বুঝতে পারবে এবং তার সমালোচনামূলকভাবে মূল্যায়ন করতে সক্ষম হবে।
- ব্যক্তিগত বা পেশাগত জীবনে সফল উদ্যোক্তা হবার জন্য কোন কোন সক্ষমতা এবং দক্ষতা প্রয়োজন তা বিশ্লেষণ করতে পারবে এবং সিদ্ধান্ত নিতে পারবে।
- ভবিষ্যতের নেতা হিসাবে ব্যবসায় উদ্যোগ শুরু করা এবং তার সাফল্যের জন্য সম্ভাব্যতা যাচাই করতে সক্ষম হবে।
- পেশা হিসেবে উদ্যোক্তা হবার পূর্বশর্তসমূহ সম্বন্ধে অধিকতর নিশ্চিতভাবে ধারনা করতে পারবে এবং তাদের পর্যালোচনা করতে পারবে।

২.২ যাদের জন্য এই দক্ষতা উন্নয়ন কোর্স

৪০-ঘন্টার এই উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্সটি বিশ্ববিদ্যালয় স্তরে বিভিন্ন ডিসিপ্লিনে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য প্রস্তুত করা হয়েছে। অর্থনীতি, ব্যবসায় প্রশাসন, জীব ও ভৌত বিজ্ঞান, প্রকৌশল, আইন, রাজনীতি, সামাজিক বিজ্ঞান, মানবিক এবং সংশ্লিষ্ট বিষয়ের স্নাতক পর্যায়ের শিক্ষার্থীরা এই কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন।

এই কোর্সে অংশগ্রহণ করবার জন্য উৎসাহী শিক্ষার্থীদের মধ্যে নিম্নোক্ত মানসিকতা থাকা কাম্যঃ

- যারা অর্থনৈতিক এবং সামাজিক ক্ষেত্রে উদ্যোক্তা হতে চায়। যারা উদ্যোক্তা হিসাবে কাজ করার জন্য উদ্যোগ ব্যবস্থাপনা এবং ব্যবসা পরিচালনা দক্ষতা উন্নয়ন এবং তার ব্যবহার করতে ইচ্ছুক।

- যারা ইতিবাচক আর্থসামাজিক পরিবর্তনের জন্য তাদের উদ্যোক্তাসুলভ এবং ব্যবসায়িক দক্ষতাকে ব্যবহার করতে চায়।
- যারা পরিবেশ এবং সামাজিক প্রতিবেশের উন্নয়নে ইতিবাচক পার্থক্য তৈরি করতে তাদের উদ্যোক্তাসুলভ এবং ব্যবসায়িক দক্ষতা ব্যবহার করতে চায়।

২.৩ আবশ্যিক যোগ্যতা

অংশীদার বিশ্ববিদ্যালয়ের যে কোন ডিসিপ্লিনের ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টারে নিবন্ধিত ও অধ্যয়নরত শিক্ষার্থীরা এই কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে।

৩. MELBU উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্সের কাঠামো

৩.১ প্রশিক্ষণ প্রদানের ধরণ

- লেকচার
- কর্মশালা
- দলবদ্ধ কাজ (Group Work)
- Simulation and Serious Game
- ব্যবসায়িক ধারনা উপস্থাপন প্রতিযোগিতা (Pitch Craft)

প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহনকারীদের ছোট ছোট দলে বিভক্ত করে দলগত কাজ এবং স্বতন্ত্র কাজ দেয়া হয়। এই কোর্সটি করার আগে পর্যন্ত ইচ্ছুক শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টার পর্যন্ত সমাপ্ত তাদের নিয়মিত পাঠ্যক্রমভুক্ত কোর্সগুলি সফলভাবে শেষ করার মাধ্যমে ইতোমধ্যে তারা স্বতন্ত্রভাবে কাজ করার সক্ষমতা এবং দক্ষতা অর্জন করেছে। তাই দলগতভাবে কাজ করা তাদের শেখার প্রক্রিয়াকে তরান্বিত করবে।

শিক্ষার্থীদের মাঝে উদ্যোক্তাসুলভ দক্ষতা এবং আচরণ উন্নয়ন করার জন্য এই কোর্সে শিক্ষার্থীদের লেকচার এবং দলগত কাজে অংশগ্রহণের পাশাপাশি শিক্ষণ পদ্ধতি হিসাবে ভূমিকা পালন (Role playing), কেস স্টাডি (Case study) এবং প্রতিবেদন বিশ্লেষণ ও লেখার (Report analysis and writing) ব্যবহার করে প্রশিক্ষণ দেয়া হবে। যা তাদের প্রশিক্ষণ দেওয়া হবে, এই কোর্সের কাঠামোর মধ্যে তাদের সেসব সম্পর্কিত অনুশীলনী অনুশীলন করতে দেয়া হবে।

৪. MELBU উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্সের বিষয়বস্তু

৪.১ প্রশিক্ষণ প্রোগ্রামের সারসংক্ষেপ

MELBU উদ্যোক্তাসুলভ দক্ষতা উন্নয়ন কোর্সের তিনটি অংশ রয়েছে যা নিম্নোক্ত সারণীর মাধ্যমে দেখানো হলঃ

প্রশিক্ষণ অংশ ১	**ব্যবসায় উদ্যোগ (Entrepreneurship)** ▪ ব্যবসায়িক মডেল (Business Model) ▪ Value Proposition Design ▪ বাজার গবেষণা (Market Research) ▪ প্রতিযোগীদের থেকে শেখা (Learning from Competitors) ▪ Design Thinking ▪ গ্রাহকদের সম্পর্কে ধারণা করা (Understanding Customers) ▪ ব্যবসায়িক ধারনা উপস্থাপন কৌশল (Pitch Craft)

প্রশিক্ষণ অংশ ২	**উদ্ভাবন (Innovation)** ▪ ১০ ধরণের উদ্ভাবনী (10 Types of Innovation) ▪ প্রটোটাইপ প্রস্তুতকরণ (Prototype Development) ▪ ঝুঁকি বিশ্লেষণ (Risk Analysis)
প্রশিক্ষণ অংশ ৩	**নেতৃত্ব (Leadership)** ▪ দল গঠন ও দলগত নেতৃত্ব (Team Building and Leadership) ▪ অন্তর্ভুক্তিমূলক নেতৃত্ব (Inclusive Leadership) ▪ কার্যকরী সিদ্ধান্ত গ্রহন (Effective Decision-making) ▪ দর কষাকষি দক্ষতা (Negotiation Skills)

এই কোর্সটি সনাতনী প্রাতিষ্ঠানিক শিক্ষণ পদ্ধতি এবং ব্যবহারিক শিক্ষণ পদ্ধতির মিশ্রনের মাধ্যমে প্রনয়ন করা হয়েছে। শিক্ষার্থীদের ছোট ছোট দলে বিভক্ত করে ব্যবহারিক প্রেক্ষাপটে উদ্ভাবন প্রচেষ্টা, উদ্যোক্তা হওয়া, এবং ব্যবসা পরিচালনা সম্পর্কিত কাজ দেওয়া প্রদত্ত কাজগুলি দলবদ্ধভাবে সম্পাদন বা সমাধান নির্ধারণের সুযোগ করে দেওয়ার মাধ্যমে শিক্ষার্থীদের বাস্তব ব্যবসায়িক পরিস্থিতি সম্পর্কে ধারণা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

প্রশিক্ষণ প্রোগ্রামে শিক্ষার্থীদের কমপক্ষে ৯০% উপস্থিতি বাধ্যতামূলক। তবে অনুপস্থিতির ক্ষেত্রে শিক্ষার্থীদের অবশ্যই প্রশিক্ষককে যৌক্তিক কারণ দেখাতে হবে।

৪.৩ প্রশিক্ষণ অংশসমূহের বিস্তারিত বর্ণনা

প্রশিক্ষণ অংশ ১	ব্যবসায় উদ্যোগ (Entrepreneurship)
বিষয়বস্তু	প্রশিক্ষণের এই অংশে শিক্ষার্থীদের ব্যবসায় উদ্যোগের মৌলিক ধারণা ও কৌশল এবং ব্যবসায়িক স্টার্ট-আপগুলির ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা দেয়া হয়। এই অংশে শিক্ষার্থীরা কিভাবে একটি ব্যবসায়িক মডেল প্রস্তুত করা যায় তা শিখবে। তারা বিভিন্ন সৃজনশীল কৌশল এবং পদ্ধতিগত উপায়ে গ্রাহক এবং বাজারের চাহিদাগুলির প্রতি লক্ষ্য রেখে ব্যবসায়িক মডেল প্রনয়ন করবার মত চিন্তাভাবনা করতে শিখবে। একইভাবে, শিক্ষার্থীরা নতুন ব্যবসার ধারণা উপস্থাপন ও পরিকল্পনা করার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করবে। শিক্ষার্থীরা ছোট ছোট দলে ভাগ হয়ে প্রদত্ত সুনির্দিষ্ট কাজ সম্পাদনের মাধ্যমে ব্যবসায়িক পরিকল্পনা করা এবং কৌশলগত সিদ্ধান্ত গ্রহনের দক্ষতা প্রদর্শন করতে পারবে।
উদ্দেশ্য	➢ উদ্যোক্তা ও ব্যবসায় উদ্যোগ সম্পর্কে ধারণা দেয়া। ➢ উদ্যোক্তাসুলভ আচরণ এবং গুণাবলী সম্পর্কে অবহিত করা। ➢ একটি ব্যবসায়িক মডেল কিভাবে প্রস্তুত করতে হয় সে সম্বন্ধে ধারণা দেয়া। ➢ দলগত কাজ করার মাধ্যমে ব্যবসার সুযোগ কিভাবে খুঁজে বের করা যায় সে সম্পর্কে ধারণা দেয়া।
শিক্ষাদান এবং শেখার পদ্ধতি	লেকচার কর্মশালা দলগত কাজ
কাজের চাপ	২০ ঘন্টা প্রশিক্ষণ

বিস্তারিতভাবে প্রশিক্ষণ অংশের বিষয়বস্তু	ব্যবসায় উদ্যোগ • ব্যবসায়িক মডেল প্রস্তুতকরণ (Business Model Development) • ভ্যালু প্রপোজিশন ডিজাইন প্রস্তুতকরণ (Value Proposition Design) • বাজার গবেষণার কৌশল (Market Research Tactics) • প্রতিযোগী বিশ্লেষণ কৌশল (Competitor Analysis Tactics) • Design Thinking Methodology • গ্রাহকদের সম্পর্কে ধারণা করা (Understanding Customers) • ব্যবসায়িক ধারনা উপস্থাপন কৌশল প্রশিক্ষণ (Pitch Craft)

প্রশিক্ষণ অংশ ২	উদ্ভাবন (Innovation)
বিষয়বস্তু	যে কোন ব্যবসায় উদ্যোগে প্রতিযোগিতামূলক সক্ষমতা অর্জনের জন্যে উদ্ভাবনী একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রতিযোগীতামূলক সুবিধা অর্জনের জন্য বিদ্যমান বা নতুন বাজারে নতুন উৎপাদন প্রক্রিয়া উদ্ভাবন ও বাস্তবায়ন করা প্রয়োজন। একইসাথে পণ্য ও পরিষেবা উদ্ভাবনের জন্য সাংগঠনিক কাঠামোর উন্নতি সাধনের মাধ্যমে ব্যবসায় উদ্যোগ বাজারে প্রতিযোগীতামূলক সক্ষমতা অর্জন করে। বাজারমুখী উদ্ভাবনের জন্য সম্ভাব্য গ্রাহকদের যে সকল চাহিদা এখনও পূরণ হয়নি সেগুলো বোঝা জরুরী। বর্তমানে বিশ্বব্যাপী গ্রাহকদের কাছে প্রায় সকল ধরণের তথ্য সহজলভ্য হয়ে যাওয়ার কারণে বিশ্ববাজারে গ্রাহকদের ভূমিকা পরিবর্তিত হয়েছে। বাজারমুখী উদ্ভাবনে আগ্রহী উদ্যোক্তা ও প্রতিষ্ঠানের উদ্ভাবন ব্যবস্থাপনার জন্যে একটি সুনির্দিষ্ট পদ্ধতি থাকা প্রয়োজন। এই পদ্ধতি ব্যবহারের মাধ্যমে উদ্যোক্তা ও প্রতিষ্ঠান তাদের গ্রাহকদের চাহিদা কার্যকরভাবে পূরণের জন্যে উদ্ভাবনের প্রয়োজনীয়তা বুঝতে পারে। প্রচলিত ও সম্ভাব্য পণ্য ও পরিষেবা সম্পর্কে গ্রাহকদের মতামত বা ধারণা জানা প্রয়োজন কারণ এর মাধ্যমে গ্রাহকদের চাহিদা, ইচ্ছা এবং পরিবর্তিত গ্রাহক প্রবণতা সনাক্ত করা যায়। গ্রাহকদের এই মতামত ব্যবসার শুরু থেকেই ব্যবসায়িক কৌশলের সাথে একীভূত করা প্রয়োজন। উদ্ভাবন প্রক্রিয়াতে সবসময়ই অনেকটাই অস্পষ্টতা থাকে। এই অস্পষ্টতাকে অধিকতর স্পষ্ট করবার জন্য উদ্ভাবনের একটি সুনির্দিষ্ট কাঠামোগত কৌশল থাকা প্রয়োজন আছে।
উদ্দেশ্য	➢ উদ্ভাবনের নির্দিষ্ট ধারণাগুলি সম্পর্কে অবহিত হওয়া। ➢ উদ্ভাবন প্রক্রিয়ার নির্দিষ্ট ধাপ সম্পর্কে পরিচিতি। ➢ উদ্ভাবন প্রক্রিয়া পরিচালনার ও ব্যবস্থাপনার কৌশল সম্পর্কে অবহিত হওয়া। ➢ উদ্ভাবন প্রক্রিয়া পরিচালনার ও ব্যবস্থাপনার কৌশল সফলভাবে প্রয়োগ করতে পারা। ➢ পদ্ধতিগত সমস্যা সমাধানে ধারণার সম্পর্কে জানা এবং অনুশীলন করা।
শিক্ষাদান এবং শেখার পদ্ধতি	লেকচার কর্মশালা দলগত কাজ
কাজের চাপ	৫ ঘন্টা প্রশিক্ষণ
বিস্তারিতভাবে প্রশিক্ষণ অংশের বিষয়বস্তু	উদ্ভাবন • ১০ ধরণের উদ্ভাবনী (10 Types of Innovation)

	• প্রটোটাইপ প্রস্তুতকরণ (Prototype Development) • ঝুঁকি বিশ্লেষণ (Risk Analysis)

প্রশিক্ষণ অংশ ৩	নেতৃত্ব (Leadership)
বিষয়বস্তু	প্রশিক্ষনের এই অংশ শিক্ষার্থীদের স্টার্ট-আপ বা ব্যবসায় উদ্যোগ স্বাধীনভাবে পরিচালনা ও নেতৃত্ব দেবার সক্ষমতা অর্জন করতে সহায়তা করে। শিক্ষার্থীরা যেন দায়িত্বশীলতার সাথে বাণিজ্যিক এবং পরিচালন সিদ্ধান্ত নিতে পারে সে জন্যে প্রশিক্ষণ দেয়া হয়। একইসাথে, শিক্ষার্থীরা যেন পেশাগত জীবনে ব্যবসায় উদ্যোগ পরিচালনার ক্ষেত্রে বহিরাগত অংশীদারের সাথে দর কষাকষি করতে পারার সক্ষমতা অর্জন করে তার প্রশিক্ষণ দেয়া হয়।
উদ্দেশ্য	➢ ব্যবসায় নেতৃত্বের বিভিন্ন ধাপের ধারণা এবং মানব সম্পদ ব্যবস্থাপনার ধারণা দেয়া। ➢ জ্ঞান ব্যবস্থাপনার ধারণা এবং স্টার্ট-আপগুলির জন্য এর প্রাসঙ্গিকতা সম্পর্কে জানানো। ➢ বাস্তব ব্যবসায়িক ঘটনার উপর ভিত্তি করে ছোট এবং মাঝারি আকারের ব্যবসায় উদ্যোগে সফলভাবে জ্ঞান ব্যবস্থাপনা এবং মানব সম্পদ পরিচালনার ধরণগুলি বিবেচনা করতে পারা। ➢ সাংগঠনিক আচরণের বিভিন্ন ধারণা নিয়ে আলোচনা এবং তার প্রয়োগ করা।
শিক্ষাদান এবং শেখার পদ্ধতি	লেকচার কর্মশালা দলগত কাজ
কাজের চাপ	১৫ ঘন্টা প্রশিক্ষণ
বিস্তারিতভাবে মড্যুলের বিষয়বস্তু	<u>নেতৃত্ব</u> • দল গঠন এবং দলগত নেতৃত্ব (Team Building and Leadership) • অন্তর্ভুক্তিমূলক নেতৃত্ব (Inclusive Leadership) • কার্যকরী সিদ্ধান্ত গ্রহন (Effective Decision-making) • দরকষাকষি করার দক্ষতা (Negotiation Skill)

৪.৩ প্রশিক্ষণ প্রোগ্রামের বিস্তারিত কার্যক্রম

প্রশিক্ষণ প্রোগ্রামটি নিম্ন তালিকাভুক্ত ধাপগুলি অনুসরণ করে পরিচালিত হয়। প্রতিটি ধাপে বাছাই করা বিষয়গুলির উপরে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের লেকচার এবং ব্যক্তিগত ও দলগত অংশগ্রহণমূলক কাজ দেওয়া হয়। প্রতিটি বিষয়ে লেকচারের পরে অন্ততপক্ষে ১ ঘন্টার দলগত কর্মশালার মাধ্যমে শিক্ষণ নিশ্চিত করা হয়ঃ

1. ১ম সেশনঃ
   কা সকল অংশগ্রহনকারীদের তাদের নিজেদের সম্পর্কে উপস্থাপনা।
   খা Ice Breaker Session: যেমন – প্রত্যেক শিক্ষার্থী নিজের সম্পর্কে দুইটি সত্য কথা, একটি মিথ্যা কথা, এবং তার সুপারপাওয়ার সম্পর্কে বলবে। বাকি শিক্ষার্থীরা এই সম্পর্কে তাদের মতামত দিবে।
   গা কার্যকরী সিদ্ধান্তগ্রহণঃ ব্যবসায়িক জটিলতার দিক বিশ্লেষন করা (লেকচার)।
   ঘা পরিবর্তন ব্যবস্থাপনা (লেকচার)।

2. ২য় সেশনঃ
   কা শিক্ষার্থীদের নিজস্ব ব্যবসায় উদ্যোগমূলক ধারণা উপস্থাপন।
   খা দল গঠন এবং দলগত নেতৃত্ব নির্ধারন।
   গা উপস্থাপিত উদ্যোগ ধারণা থেকে বাছাই ও নির্বাচন।
   ঘা দলবদ্ধ কাজের নিয়মাবলী সম্বন্ধে অবহিত করা।
   ঙা দলবদ্ধ কাজ থেকে প্রাপ্ত প্রত্যাশিত ফলাফল উপস্থাপনা।

3. ৩য় সেশনঃ
   কা ১০ ধরণের উদ্ভাবনী – 10 types of Innovation (লেকচার)।
   খা গ্রাহকদের সম্পর্কে ধারণা করা – Understanding the Customer (লেকচার)।

4. ৪র্থ সেশনঃ
   কা ভ্যালু ডিজাইন প্রপোজিশন – Value Design Proposition (লেকচার)।

5. ৫ম সেশনঃ
   কা বিজনেস মডেল ক্যানভাস – Business Model Canvas (লেকচার)।

6. ৬ষ্ঠ সেশনঃ
   কা Design Thinking (লেকচার)।

7. ৭ম সেশনঃ
   কা বাজার গবেষনা – Market Research (লেকচার),
   খা প্রতিযোগীদের থেকে শেখা – Learning from Competitors (লেকচার),
   গা উদ্যোক্তাদের জন্য দর কষাকষি দক্ষতা – Negotiation Skills (লেকচার)।

8. ৮ম সেশনঃ
   কা ঝুঁকি বিশ্লেষণ – Risk Analysis (লেকচার),
   খা অন্তর্ভুক্তিমূলক নেতৃত্ব/কার্যকরী যোগাযোগের মাধ্যমে নেতৃত্ব দেয়া – Inclusive Leadership (লেকচার)।

9. ৯ম সেশনঃ
   কা ব্যবসায়িক ধারনা উপস্থাপন, কিভাবে সঠিকভাবে করা যায়? – Pitch Craft (লেকচার),
   খা ব্যবসার ধারণা/প্রটোটাইপ প্রস্তুতকরণ – Prototype Development (লেকচার)।

10. ১০ম সেশনঃ
    কা বিচারক প্যানেলের উপস্থিতিতে ব্যবসায়িক ধারনা উপস্থাপন।

খ। বিজয়ী ঘোষণা।

গ। সকল সেশনের সারমর্ম।

উপর্যুক্ত বিষয়গুলির প্রতিটি ৪৫ মিনিটের জন্য হবে, যেখানে প্রশিক্ষকরা শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর দিবেন।

৪.৪ অনুকরণীয় বাস্তবায়িত প্রকল্প হিসেবে ১৪-দিনের গ্রীষ্মকালীন স্কুলের (Summer School) উদাহরণ

নিম্নলিখিত ছকের মাধ্যমে প্রশিক্ষণ অংশগুলোকে ১৪-দিনের গ্রীষ্মকালীন স্কুল হিসাবে উপস্থাপন করা যায়।

১ম দিন	২য় দিন	৩য় দিন	৪র্থ দিন	৫ম দিন	৬ষ্ঠ দিন	৭ম দিন
উদ্বোধনী অনুষ্ঠান, কোর্সের নিয়মাবলী পরিচিতি	অংশগ্রহনকারীদের আইডিয়ার উপস্থাপনা (১ম পর্ব)	বক্তৃতাঃ ১০ ধরণের উদ্ভাবন	বক্তৃতাঃ Value Proposition Design (১)	বক্তৃতাঃ Business Model Canvas (১)	প্রথম ৫ দিনে শেখা বিষয়বস্তুর উপর নির্ধারিত কোচের সহযোগীতায় দলগত কাজ করে ফলাফল উপস্থাপনা	দলবদ্ধ কার্যক্রম
অংশগ্রহনকারীদের পরিচিতি পর্ব	অংশগ্রহনকারীদের আইডিয়ার উপস্থাপনা (২য় পর্ব)	দলগত কাজ / কর্মশালা	দলগত কাজ / কর্মশালা	দলগত কাজ / কর্মশালা		
আইস ব্রেকার – দুইটি সত্য ও একটি মিথ্যা	বক্তৃতাঃ দল গঠন এবং নেতৃত্ব	বক্তৃতাঃ গ্রাহকদের বোঝা	বক্তৃতাঃ Value Proposition Design (২)	বক্তৃতাঃ Business Model Canvas (২)		
বক্তৃতাঃ কার্যকরী সিদ্ধান্ত গ্রহণ	প্রকল্প নির্বাচন, কোচ নির্ধারন, দলগত কাজের মাধ্যমে প্রাপ্ত ফলাফল উপস্থাপন	দলগত কাজ / কর্মশালা	দলগত কাজ / কর্মশালা	দলগত কাজ / কর্মশালা		

৮ম দিন	৯ম দিন	১০ম দিন	১১তম দিন	১২তম দিন	১৩তম দিন	১৪তম দিন
বক্তৃতাঃ Design Thinking (১)	বক্তৃতাঃ বাজার গবেষণা	বক্তৃতাঃ ঝুঁকি বিশ্লেষণ	বক্তৃতাঃ ব্যবসায়িক ধারণা উপস্থাপনা, কিভাবে সঠিকভাবে করা যায়?	বক্তৃতাঃ প্রটোটাইপ প্রস্তুতকরণ	চূড়ান্ত উপস্থাপনার জন্যে নির্ধারিত কোচের সহযোগীতায় দলগত কাজ	চূড়ান্ত ব্যবসায়িক ধারনা উপস্থাপন রাউন্ড ১ চূড়ান্ত ব্যবসায়িক ধারনা উপস্থাপন রাউন্ড ২ বিজয়ী ঘোষণা গ্রীষ্মকালীন স্কুলের সারসংক্ষেপ
দলগত কাজ / কর্মশালা	দলগত কাজ / কর্মশালা	দলগত কাজ / কর্মশালা	দলগত কাজ / কর্মশালা	দলগত কাজ / কর্মশালা		
বক্তৃতাঃ Design Thinking (২)	প্রতিযোগীদের থেকে শেখা	বক্তৃতাঃ অন্তর্ভুক্তিমূলক নেতৃত্ব				
দলগত কাজ / কর্মশালা	বক্তৃতাঃ দর কষাকষি দক্ষতা	দলগত কাজ / কর্মশালা				

৫. সংযুক্তিঃ

শিক্ষাদান, শিক্ষণ, প্রশিক্ষণ উপকরণসমূহ (স্লাইডস)

১. ব্যবসায় উদ্যোগ	২. উদ্ভাবন	৩. নেতৃত্ব
1.1. ব্যবসায়িক মডেল (Business Model) 1.2. ভ্যালু প্রপোজিশন ডিজাইন	2.1. ১০ ধরণের উদ্ভাবন (10 types of Innovation) 2.2. প্রটোটাইপ প্রস্তুতকরণ	3.1. দল গঠন এবং নেতৃত্ব (Team Building and Leadership) 3.2. অন্তর্ভুক্তিমূলক নেতৃত্ব

(Value Proposition Design) 1.3. বাজার গবেষণা (Market Research) 1.4. প্রতিযোগীদের থেকে শেখা (Learning from Competitors) 1.5. Design Thinking 1.6. গ্রাহকদের বোঝা (Understanding the Customer) 1.7. ব্যবসায়িক ধারনা উপস্থাপনা (Pitch Craft)	(Development of Prototypes) 2.3. ঝুঁকি বিশ্লেষণ (Risk Analysis)	(Inclusive Leadership) 3.3. কার্যকরী সিদ্ধান্ত গ্রহন (Effective Decision Making) 3.4. দর কষাকষি দক্ষতা (Negotiation Skill)